Registered
No. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৯শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৬ ইংরাজী 3rd June. 1959 { ৩য় সংখ্যা

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৯শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৬ সাল।

অহিংসার প্রত্যক্ষ প্রমাণ

—•—

গত পূর্ব্ব শনিবার হইতে কলিকাতা মহানগরীতে বিডন স্কোয়ারে ভারতীয় জাতীয় মহাসভার (কংগ্রেসের) সভানেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ও কংগ্রেসের সাধারণ সম্পাদিকা শ্রীমতী সুচেতা কৃপালনীর সভানেত্রীত্বে বিরাট প্যাণ্ডেলে যে সভার অধিবেশন হইয়া গেল, শ্রীমতী গান্ধী উক্ত সভার উদ্বোধন করেন এবং শ্রীমতী কৃপালনী তাহাতে সভানেত্রীর আসন অলঙ্কৃত করেন। পশ্চিম বঙ্গ প্রাদেশিক কংগ্রেসের উদ্যোগে ঐ সভার অনুষ্ঠান হয়।

সভার প্রারম্ভে পশ্চিম বাংলার প্রাদেশিক কংগ্রেসের সভাপতি শ্রীযাদবেন্দ্রনাথ পাঞ্জা শ্রীমতী গান্ধীর হস্তে পঞ্চাশ হাজার টাকার একখানি চেক প্রদান করেন।

দমদম বিমান ঘাটি হইতে বিরাট শোভাযাত্রা করিয়া মাননীয়াগণকে নির্দ্দিষ্ট মণ্ডপে লইয়া আসা হয়। পথিমধ্যে কংগ্রেসের নির্ব্বাচন সম্বন্ধে অপ্রীতিকর চীৎকার এবং পূর্ব্ব সভাপতির নাম ধরিয়া নিন্দাপূর্ণ হাঁকডাক শুনিয়া অনেকেই বুঝিয়াছিলেন—সভা-মণ্ডপে একটা অকাণ্ড কুকাণ্ড ঘটিতে পারে। দ্বিতীয় দিনে কংগ্রেসের অহিংস অকলঙ্ক নামে কলঙ্ক হইল। এক কংগ্রেসের দুই দলে লাঠি, লোহার ডাণ্ডা, চড় কীল, চাপড় চলিল—১২।১৩ জন জখমিকে হাসপাতালে যাইতে হইল। শয্যা লইয়াছিলেন দুইজন বলিয়া প্রকাশ। স্বয়ং নিখিল ভারতীয় মহাসভার সভানেত্রী শ্রীমতী গান্ধী ও জেনারেল সেক্রেটারী শ্রীমতী সুচেতা কৃপালনী এই ভূতোভূতি কাণ্ড প্রত্যক্ষ করিয়া অবাক হইয়াছেন। শ্রীমতী গান্ধীকে আমরা সানুনয় অনুরোধ করি তিনি যেন তাঁহার পিতৃদেবকে অর্থাৎ ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলালকে বলেন—তোমার শাসিত পশ্চিম বাংলার কংগ্রেসের সৌষ্ঠব দেখিয়া চমৎকৃত হইতে হইয়াছে। এই সমস্ত অভিযোগের তদন্তও প্রায় প্রহসনে পরিণত হয়। প্রকৃত অপরাধীর সন্ধান না পারে পুলিশ করিতে, না হয় তদন্তে সত্য নির্ণয়।

ভারত হইতে সদ্য বিতাড়িত বিদেশী শাসক ও শোষক ইংরাজগণের প্রথম আমলের তদন্তের কৌশল এবং সত্য নির্ণয় করার প্রথা পাঠকগণের নিকট বর্ণনা করিতেছি। ইহা পাঠ করিয়া আমরা কোথা হইতে কোথায় আসিয়াছি তুলনা করিতে পারিবেন।

বিলাত হইতে ইংরেজ সিবিলিয়নরা আই. সি এস. পাশ করিয়া ভারতে আসিয়া বাংলা হিন্দী ইত্যাদি ভাষায় পাশ করিয়া প্রথমে দেওয়ানী বা ফৌজদারী আদালতে মুন্সেফ বা মহকুমা হাকিমের পদে বাহাল হইতেন। পরে ক্রমশঃ অভিজ্ঞতা লাভের পর জজ, ম্যাজিষ্ট্রেট, কমিশনর, চিফ-সেক্রেটারী এমন কি গভর্ণরের পদেও উন্নীত হইতেন।

ঊনবিংশ শতাব্দীর এক বৃদ্ধের মুখে তাঁহাদের তদানীন্তন মহকুমা ম্যাজিষ্ট্রেট মিঃ বোল্‌টন সাহেবের বিচারে সত্য নির্ণয় পন্থা শুনিয়া অবাক হইতাম। বৃদ্ধের বাস বীরভূম জেলার রামপুরহাট মহকুমায়। রামপুরহাটের নিকটস্থ এক পল্লীগ্রামে দুই ভাই পৈতৃক সম্পত্তি পৃথক করিয়া লইয়াছে। একখানি জমিতে একত্র থাকার সময় গুড়ের জন্য আখের চাষ করা হ'য়েছিল। গ্রামের মোড়ল মাতব্বরগণ জমি-জমা শালিস করিয়া ভাগ করিয়া দিলেন। আখের জমিখানি ছোট ভাই-এর অংশে পড়িল। বড় ভাই শালিসগণের সামনেই ছোট ভাইকে বলিল—দেখ্ ভাই ভিন্ন ভাতে থাকলেও যেন মায়া মমতা ছাড়িস্ না। তোর ভাগে আখের জমি দশ কাঠা পড়েছে। ও জমি তোরই। আমার ছেলেরা এবার গুড় খেতে পাবে না। তুই আমার পাঁচ কাঠার ধান নিস্ আমাকে অর্দ্ধেক আখ এই বৎসরের মত দিস্। ছোট ভাই একটু লেখাপড়া জানে। সে সকলের সামনেই দাদাকে জবাব দিলে—দোহা দুধ আর বাঁটে ঢোকে না। যা বিচারে পেয়েছি তা দিব না। বড় ভাই কোন উচ্চ বাচ্য না করে চলে গেল। ছোট ভাই-এর শালা খুব মামলাবাজ তার পরামর্শে এবং সহায়তায় ছোট ভাইটি দাদাকে মামলায় ফেলিবার ফন্দী করিয়া এক রাত্রে নিজের জমির আখ সব কাটিয়া ফেলিল। প্রাতঃকালে জমিতে লোকের ভিড় জমিয়া গেল। ছোট ভাই রামপুরহাটে বোল্‌টন সাহেবের এজলাসে দাদাকে আসামী করিয়া নালিশ দাখিল করিল। হাকিম বোল্‌টন সাহেব দরখাস্ত পাওয়া মাত্র থানার দারোগাকে তদন্ত করিয়া ২৪ ঘণ্টার মধ্যে রিপোর্ট দিবার নির্দ্দেশ দিলেন। অর্ডার পাইবা মাত্র দারোগা বাবু সাহেবের চৌদ্দ পুরুষকে উদ্ধার করিয়া গালি দিতে লাগিল—বেটা গাধা সাহেব না বদলী হলে আমাদের নিস্তার নাই। রাত্রে কে আঁধারে আখ কাটলে ২৪ ঘণ্টার মধ্যে তা ঠিক ক'রে রিপোর্ট দিতে কেউ পারে! সাহেবের সাত পুরুষ ধরে গালাগালি ক'রে গায়ের ঝাল ঝাড়তে লাগলো। বেলা ৪টার সময় বোল্‌টন থানায় হাজির হয়ে দারোগা, জমাদার, যতগুলি সিপাই ছিল সবরে তার (সাহেবের) সঙ্গে নিয়ে মামলার বাদী, বাদীর শালা, আর আসামীর বাড়ী ঘেরাও ক'রে তিন বাড়ী হ'তে যে সব হাতিয়ার দিয়া আখ কাটা সম্ভব হয় সব লইয়া বাণ্ডিল বাঁধিল আর যার হাতিয়ার তার নাম লিখিয়া রাখা হইল। দারোগা বাবু জমাদারকে কানে কানে বল্‌লেন—পাগল আর কাকে বলে! সাহেব এই বাণ্ডিল তিনটি থানার হাজতে পৃথক পৃথক স্থানে রাখিয়া চাবি বন্ধ করিয়া নিজের কাছে চাবি রাখিলেন। পরদিন সূর্য্যোদয়ের পূর্ব্বে মিঃ বোল্‌টন দারোগাকে ঘুম হইতে উঠাইয়া দেখাইলেন বাদী আর তার শালার বাণ্ডিলে পিঁপড়ে লেগেছে। আসামীর বাণ্ডিলে একটিও পিঁপড়ে নাই। দারোগা বাবু তখন গাধা পাগল সাহেবের কিম্মত বুঝিলেন। সাহেব দারোগাকে বলিলেন—"ওয়েল সাব-ইন্‌স্পেক্টর! ডোণ্ট্ ইউ সি দ্যাট্ সুইটনেস্ অফ দি সুগারকেন ইজ্ দি উইট্‌নেস্ ইন্ দিস্ কেশ!" দারোগার কপাল দিয়ে ঘাম ঝড়তে লাগলো।

দুইটি মাননীয়া মাতৃমূর্ত্তি এই যে অহিংস ও সমবায় স্বচক্ষে প্রত্যক্ষ করলেন—স্বাধীনতা লাভের পর হানাদারদের দ্বারা কাশ্মীর আক্রমণ হইতে সুরু করিয়া আবদুল্লার প্রশংসিত বন্ধুত্ব পরীক্ষা, বেরুগ্রাম সম্প্রদান, টুকের গ্রাম বেদখল ভারতের নারী হরণ, পুরুষ হরণ, গো মহিষ লুণ্ঠন ইত্যাদি সব অহিংস ব্যাপারে আমরা সব উপলব্ধি করিতেছি।

বোল্‌টন সাহেবের মত অপরাধী ধরিবার বুদ্ধি আর ভারতের আছে কি!

বরের জন্য সত্যাগ্রহের সঙ্কল্প

অবশেষে ভাবীবধূর সিদ্ধিলাভ

'আনন্দবাজার পত্রিকায়' প্রকাশ—কয়েকদিন পূর্ব্বে খড়দহ গ্রামের এক পাড়ায় একটি অবিবাহিতা মেয়ে হঠাৎ সেই পাড়ার অন্য একটি বাড়ীতে যাইয়া বাড়ীর কর্তাকে বলে যে, তাঁহার ছেলের সহিত বিবাহ দিতে হইবে, অন্যথায় সে অনশন সত্যাগ্রহ করিয়া সেইখানেই প্রাণ বিসর্জন দিবে। বাড়ীর কর্তা তাহার কথা শুনিলেন না এবং মেয়ের অভিভাবককে মেয়েকে বাড়ী ফিরাইয়া লইয়া যাইতে বলিলেন। মেয়ের অভিভাবকরা কন্যাকে অনেক বুঝাইলেন, কিন্তু সে সঙ্কল্পে অবিচল। সে সাধ্য-সাধনায় কোন ফল হইল না। অতঃপর ভাবী বেয়াই মহাশয়রা সলাপরামর্শ সুরু করিলেন এবং রায় বাহির হইল, মেয়েটির স্বপক্ষেই। মেয়েটিকে তাঁহাদের সিদ্ধান্ত জানান হইল। সে তখন প্রফুল্ল চিত্তে বাড়ী ফিরিয়া গেল।

খাদ্যে বিষক্রিয়ায় ৪ জনের মৃত্যু

কলিকাতা ভৈরব বিশ্বাস লেনের শ্রীহীরালাল বৈদ্য বিক্রয়কর বিভাগে চাকুরী করিতেন। কিছুদিন পূর্ব্বে তিনি, তাঁর পুত্র হৃষিকেশ, কন্যা কমলা, ইন্দু ও তমালী আটার রুটি ও ডাল আহার করেন। পরদিন সকলকে অজ্ঞান অবস্থায় হাসপাতালে স্থানান্তরিত করা হয়। হাসপাতালে কমলা ছাড়া চারিজন মারা যায়। পুলিশ তদন্তের পর মৃতদেহ-গুলি সৎকারের জন্য ছাড়িয়া দেন। থানার দারোগা বাবু ও প্রতিবেশীগণ একসঙ্গে চারি জনের মৃত্যুর জন্য দুঃখ প্রকাশ করেন।

চাউলের অভাব

অন্যান্য স্থানের ন্যায় রঘুনাথগঞ্জ জঙ্গিপুর ও পল্লীগ্রামে চাউলের অভাব বিশেষভাবে দেখা দিয়াছে। চাউলের জন্য লোকে চারিদিকে ঘোরাঘুরি আরম্ভ করিয়াছে। দিন মজুরেরা সন্ধ্যায় মজুরী পাইয়া চাউল কিনিতে না পাইয়া হতাশ হইতেছে। রেশন দোকানের জিনিষের পরিমাণও কমাইয়া দেওয়া হইয়াছে। যে দোকানে ৮০ মণ চাউলের দরকার সেখানে ২৫ মণ দেওয়া হইয়াছে। সরকারী গুদামে প্রয়োজনমত চাউল না থাকিলে রেশন চলিবে কি প্রকারে। সহরে প্রত্যেক প্রাপ্ত বয়স্ক ব্যক্তির সপ্তাহে দেড় সের চাউল পায়। পল্লীগ্রামের লোকেরা এক সের পায়। ৮০ মণের পরিবর্ত্তে ২৫ মণ বরাদ্দ হইলে এক চতুর্থাংশ লোকে উহা পাইবে। বাকী লোক-গুলি কি খাইবে? এই বিষয়ে সন্তোষজনক কৈফিয়ত কিছু আছে কি? পশ্চিম বাংলার চাউলের মূল্য নিয়ন্ত্রণ—প্রহসন ভিন্ন কিছুই নয়।

ছাত্রীর কৃতিত্ব

পশ্চিম বঙ্গ সরকারের শিক্ষা বিভাগ কর্তৃক অনুষ্ঠিত 'বাংলার নারী' শীর্ষক রচনা প্রতিযোগিতায় কৃষ্ণনগর লেডি কারমাইকেল উচ্চ বালিকা বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী কুমারী রেখা চক্রবর্ত্তী প্রথম স্থান অধিকার করিয়া একশত টাকা পুরস্কার লাভ করিয়াছে। কুমারী রেখা প্রতিষ্ঠাবান শিশু সাহিত্যিক শ্রীযুক্ত ননীগোপাল চক্রবর্ত্তীর কন্যা।

পশ্চিম বঙ্গের পল্লী অঞ্চলে আরও ১৫টি ডাকঘর

বর্ত্তমান বৎসরের প্রথম দুই মাসে পশ্চিম বঙ্গের পল্লী অঞ্চলে আরও ১৫টি ডাকঘর স্থাপিত হইয়াছে। উহার মধ্যে ৫টি ২৪ পরগণায়, ৪টি বাঁকুড়ায়, ৩টি মেদিনীপুরে এবং দার্জিলিং, মুর্শিদাবাদ ও মালদহে একটি করিয়া ডাকঘর স্থাপিত হইয়াছে।

—প্রেঃ ইঃ ব্যুঃ

কবি নজরুল ইসলামের

ষষ্টিতম জন্মোৎসব উদযাপন

বিগত ১১ই জ্যৈষ্ঠ মঙ্গলবার বিদ্রোহী কবি নজরুল ইসলামের ষষ্টিতম জন্মোৎসব উদ্‌যাপিত হইয়াছে। সন্ধ্যায় শ্রীসৌমেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের সভাপতিত্বে কলেজ স্কোয়ারে ষ্টুডেন্টস হলে এক সভা হয়। সভায় আবৃত্তি, সঙ্গীত ও বিভিন্ন বক্তা বক্তৃতা করেন।

ডাঃ কালিদাস নাগ মহাশয়ের সভাপতিত্বে কলিকাতা পাকিস্থান ডেপুটী হাই কমিশনরের অফিসে কবি নজরুলের জন্মোৎসব অনুষ্ঠিত হইয়াছে। শ্রীপবিত্র গঙ্গোপাধ্যায় মহাশয় বক্তৃতা করিয়াছিলেন। বিভিন্ন শিল্পীগণ কবির সঙ্গীত ও কবিতা আবৃত্তি করিয়া উপস্থিত জনগণকে মুগ্ধ করেন।

তড়িতাহত হইয়া মৃত্যু

গত ৩০শে মে শনিবার কৃষ্ণনগর পোষ্ট অফিসের সম্মুখের এক বাড়ীতে দেবব্রত নামে একজন ছাত্র ভিজা কাপড়ে একটি তারে হাত দেওয়া মাত্র এ. সি. বিদ্যুৎশক্তি তাহাকে টানিয়া লয়। তৎক্ষণাৎ তাহার মৃত্যু হয়।

মিষ্টির দোকানে অগ্নিকাণ্ড

গত ১১ই জ্যৈষ্ঠ মঙ্গলবার রাত্রি আন্দাজ ১২টার সময় রঘুনাথগঞ্জ ফাঁসীতলার মিষ্টান্ন ব্যবসায়ী শ্রীনৃসিংহভূষণ দত্ত মহাশয়ের দোকান ঘরে আগুন লাগিয়া যাবতীয় আসবাবপত্র, ঘি ময়দা চিনি ও তৈরী মিষ্টি পুড়িয়া গিয়াছে। কোন জিনিষই বাহির করিতে পারে নাই। বহু টাকার ক্ষতি হইয়াছে।



দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত
ইলেকট্রিক সলিউসন
— দ্বারা —
মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—

আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

অরবিন্দ এণ্ড সন্স
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।